গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২৮ ডিসেম্বর ২০১৬, ১৪ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দারিদ্র্য বিমোচন সরকারের প্রধান লক্ষ্য : প্রধানমন্ত্রী

২। আবহাওয়া বিষয়ক অ্যাপ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। প্রথমবারের মতো আজ অনুষ্ঠিত হচ্ছে জেলা পরিষদ নির্বাচন

৪। নির্বাচন কমিশন প্রতিষ্ঠার আইন তৈরিসহ ৮ দফা প্রস্তাব ওয়ার্কার্স পার্টির : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ

৫। বিশ্ববিদ্যালয়ে গবেষণা জোরদারে রাষ্ট্রপতির আহ্বান

৬। জঙ্গিবাদ রুখতে সাংস্কৃতিক কর্মকাণ্ড বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

৭। প্রাথমিক সমাপনী ও জেএসসির ফল প্রকাশ আগামীকাল

৮। কৃষি জমি সুরক্ষায় আইন হচ্ছে : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী

৯। অবাধ তথ্যপ্রবাহের সুবর্ণ সময়ে বাংলাদেশ : স্পিকার

১০। সমন্বিত ব্যবস্থাপনায় ৪০ ভাগ যানজট নিরসন সম্ভব

১১। কিরগিজস্তানকে হারিয়ে ভলিবলে বাংলাদেশের ঐতিহাসিক শিরোপা জয়
প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন

চলমান পাতা-২

১। **দারিদ্র্য বিমোচন সরকারের প্রধান লক্ষ্য : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও জনগণের উন্নয়নে বর্তমান সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে বলেছেন, দারিদ্র্য বিমোচন হচ্ছে তার সরকারের প্রধান লক্ষ্য। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে কাতারের আমিরের উপদেষ্টা ড. হামাদ বিন আবদুল আজিজ আল-কাওয়ারীর সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। বৈঠকে ড. হামাদ বিন আবদুল আজিজ আল-কাওয়ারী জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার (ইউনেস্কো) মহাপরিচালক পদে তার প্রার্থিতার পক্ষে বাংলাদেশের সমর্থন কামনা করেন। প্রধানমন্ত্রী বলেন, আমি এ পদে আপনার প্রার্থিতায় খুশি হয়েছি এবং আপনি আমাদের সমর্থন পাবেন। প্রধানমন্ত্রী বৈঠকে বাংলাদেশ ও কাতারের মধ্যকার বিদ্যমান সম্পর্কে সন্তোষ প্রকাশ করে বলেন, ভ্রাতৃপ্রতীম দেশ দু'টির সম্পর্ক আগামী দিনে অধিকতর সুসংহত হবে। মুসলিম বিশ্বে একজন মহিলা নেতা হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে ড. হামাদ বলেন, অন্যদের তাকে অনুসরণ করা উচিত। তিনি প্রধানমন্ত্রীর নেতৃত্বে আর্থসামাজিক ও শিক্ষা খাতে বাংলাদেশের বিশাল সাফল্যেরও প্রশংসা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫),**অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

ভোরের কাগজ, ইনকিলাব, জনকণ্ঠ, অবজারভার, নিউজ টুডে, ডেইলি সানসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **আবহাওয়া বিষয়ক অ্যাপ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

বাংলাদেশ আবহাওয়া অধিদফতর কার্যকর মোবাইল অ্যাপ্লিকেশন 'বিএমডি ওয়েদার অ্যাপ'র মাধ্যমে অধিদফতরের দৈনিক সকল তথ্যসেবা মোবাইল প্লাটফরমে নিয়ে এসেছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ আবহাওয়া অধিদফতরের (বিএমডি) তৈরি এই অ্যাপ গুগল প্লে স্টোর থেকে স্মার্টফোন গ্রাহকরা ডাউনলোড করতে পারবে। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর তেজগাঁও কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে অ্যাপটি উদ্বোধন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)। **বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **প্রথমবারের মতো আজ অনুষ্ঠিত হচ্ছে জেলা পরিষদ নির্বাচন**

দেশে প্রথমবারের মতো ৬১ জেলা পরিষদ নির্বাচনে ভোট গ্রহণ করা হচ্ছে আজ ২৮ ডিসেম্বর বুধবার। নির্বাচন কমিশন জানিয়েছে, সকাল ৯ টায় ভোট গ্রহণ শুরু হবে। শেষ হবে বিরতি ছাড়াই বেলা ২টায়। এ নির্বাচনে ভোট দেবেন স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিরা। সুষ্ঠুভাবে ভোট গ্রহণের জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। যথেষ্ট নিরাপত্তা ব্যবস্থায় শান্তিপূর্ণভাবে ভোট নেওয়ার সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১,ক.৪)। **সংবাদ, সমকাল, ভোরের কাগজ, যায়যায়দিন, এশিয়ান এজ, অবজারভার, ডেইলি সান, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **নির্বাচন কমিশন প্রতিষ্ঠার আইন তৈরিসহ ৮ দফা প্রস্তাব ওয়ার্কার্স পার্টির : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ**

রাষ্ট্রপতির সঙ্গে সংলাপে সংবিধান অনুযায়ী নির্বাচন কমিশন প্রতিষ্ঠা সংক্রান্ত আইন তৈরি ও সার্চ কমিটির মাধ্যমে নির্বাচন কমিশন গঠনের প্রস্তাব করেছে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার বঙ্গভবনে নির্বাচন কমিশন গঠন প্রসঙ্গে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠকে দলের পক্ষ থেকে এসব প্রস্তাব তুলে ধরা হয়। ১০ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন। এ সময় আট দফা প্রস্তাব তুলে ধরা হয় রাষ্ট্রপতির কাছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৫। **বিশ্ববিদ্যালয়ে গবেষণা জোরদারে রাষ্ট্রপতির আহ্বান**

গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য দেশের সব বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, শিক্ষার্থীরা তাহলে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে পারবেন। হযরত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আমিনুল হক ভূঁইয়ার নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ,২, ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

৬।　জঙ্গিবাদ রুখতে সাংস্কৃতিক কর্মকাণ্ড বাড়াতে হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জঙ্গিবাদ রোধে পাঠ্যক্রমের পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ড বাড়াতে হবে। সিলেবাসে শিক্ষার সঙ্গে সৃজনশীলতার চর্চা করলে শিক্ষার্থীরা মেধা চর্চার সুযোগ পাবে। এতে তারা সাংস্কৃতিক মনোভাবাপন্ন হয়ে গড়ে উঠবে। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার বৃহত্তর ঢাকা জেলার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা শিক্ষা বোর্ডের উদ্যোগে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক. ৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৭।　প্রাথমিক সমাপনী ও জেএসসির ফল প্রকাশ আগামীকাল

জেএসসি-জেডিসি এবং প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার ফল আগামীকাল ২৯ ডিসেম্বর বৃহস্পতিবার প্রকাশ করা হবে। ওই দিন সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী। এরপর সচিবালয়ে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। দুই মন্ত্রীর সংবাদ সম্মেলনের পরপরই ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পাশাপাশি যে কোনো মোবাইল ফোন থেকে এসএমএস করেও সমাপনী পরীক্ষার ফল জানা যাবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

৮।　কৃষি জমি সুরক্ষায় আইন হচ্ছে : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী

কৃষি জমি সুরক্ষায় আইন হচ্ছে। এখনই কৃষিজমি রক্ষার ওপর গুরুত্ব না দিলে ভবিষ্যতে দেশ খাদ্য সঙ্কটে পড়বে। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে আবাসন চাহিদাও বাড়ছে। বাড়তি এ চাহিদা পূরণ করতে প্রতিনিয়তই কৃষি জমির ওপর চাপ বাড়ছে। এ ছাড়াও শিল্পায়ন ও নগরায়নের কারণে কৃষি জমি রক্ষা করা না গেলে ভবিষ্যতে দেশ খাদ্য সঙ্কটে পড়বে। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন মন্ত্রণালয়ের সভা কক্ষে 'খাদ্য নিরাপত্তায় কৃষিজমি রক্ষাকল্পে পরিকল্পিত গ্রাম-নগরায়ন ও গৃহায়ন শীর্ষক' জাতীয়ভিত্তিক সুপারিশ উপস্থাপন অনুষ্ঠানে একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

৯।　অবাধ তথ্যপ্রবাহের সুবর্ণ সময়ে বাংলাদেশ : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, 'অবাধ তথ্যপ্রবাহের সুবর্ণ সময়ে অবস্থান করছে বাংলাদেশ। এখন প্রতিটি গণমাধ্যমের মধ্যে প্রতিযোগিতা বিদ্যমান। সংবাদ পরিবেশনা থেকে শুরু করে বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে প্রতিযোগিতা হচ্ছে। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর মহাখালীতে বৈশাখী চ্যানেলের কার্যালয়ে চ্যানেলের একযুগ পদার্পণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৬), **নিউ এজ** (পৃ.৪,ক.১)।

১০।　সমন্বিত ব্যবস্থাপনায় ৪০ ভাগ যানজট নিরসন সম্ভব

রাজধানীতে প্রতি মাসে একটি সড়কেই যানজটে আর্থিক ক্ষতি হয় ২২৭ কোটি টাকা। রাজধানী ও পার্শ্ববর্তী এলাকাগুলোর যানজট নিরসন ও ট্রাফিক নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট রয়েছে ৩১টি সংস্থা। এর মধ্যে প্রধান সংস্থা ছয়টি। কিন্তু সংস্থাগুলোর মধ্যে সমন্বয় নেই। এ সংস্থাগুলোর মধ্যে সমন্বয় স্থাপন করে ট্রাফিক ব্যবস্থাপনা পরিচালনা করা গেলে ৪০ ভাগ যানজট নিরসন করা সম্ভব। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের 'ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি)'-এর গবেষণায় এ চিত্র তুলে ধরা হয়েছে। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর মহাখালীর ব্র্যাক ইন সেন্টারে 'নগর পরিস্থিতি ২০১৬ : ঢাকা মহানগরে যানজট-শাসন-ব্যবস্থার পরিপ্রেক্ষিত' নামের গবেষণাপত্রটি প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক. ৬), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

১১।　কিরগিজস্তানকে হারিয়ে ভলিবলে বাংলাদেশের ঐতিহাসিক শিরোপা জয়
প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন

শক্তিশালী প্রতিপক্ষ কিরগিজস্তানকে হারিয়ে বঙ্গবন্ধু সিনিয়র মেনস সেন্ট্রাল জোন আন্তর্জাতিক ভলিবল টুর্নামেন্ট এর শিরোপা জিতে নিয়েছে বাংলাদেশ। ঢাকার মিরপুরের শহিদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে আসরের ফাইনালে স্বাগতিক দল কিরগিজস্তানকে ৩-০ সেটে (২৫-২২, ২৫-২৩,৭-৬ পয়েন্টে) হারায়। ফাইনালে জিতে ৪৫ বছরের ইতিহাসে এই প্রথমবার আন্তর্জাতিক কোনো ভলিবলের আসরে চ্যাম্পিয়ান হলো বাংলাদেশ। এ শিরোপা হচ্ছে বাংলাদেশের ভলিবলের জন্য ঐতিহাসিক এক শিরোপা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক ভলিবল

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন বাংলাদেশ দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। গতকাল ২৭ ডিসেম্বর মঙ্গলবার এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী দলের খেলোয়াড়, কোচ এবং বাংলাদেশ ভলিবল টিম ও বাংলাদেশ ভলিবল ফেডারেশনের কর্মকর্তাদের অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী বলেন, খেলাধুলায় বর্তমান সরকারের যথাযথ পৃষ্ঠপোষকতা ও সহযোগিতার কারণে ভলিবল টিমের এ সফলতা এসেছে। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, বাংলাদেশ ভলিবল টিমের জয়ের ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজশাহীতে দুটি নিয়োগ প্রক্রিয়ায় অনভিপ্রেত হস্তক্ষেপের পরিপ্রেক্ষিতে কোনো নিয়োগই দলীয় স্বার্থে নয়, সার্বজনীন স্বার্থে হওয়া উচিত বলে অভিমত।

খ. **সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** আশুলিয়া শিল্পাঞ্চলের বন্ধ পোশাক কারখানায় আন্দোলনের জের ধরে গণছাঁটাই আদেশ গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করে এ আদেশ প্রত্যাহার করে পোশাক মালিকদের নিরপরাধ শ্রমিকদের কাজে ফিরিয়ে নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** জাহাজ ভাঙা শিল্পে শ্রমিক ও পরিবেশবান্ধব নিয়মনীতি সুষ্ঠুভাবে প্রয়োগ করে এ শিল্পের উন্নয়নের ধারা এগিয়ে নেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** বরিশালের বাকেরগঞ্জ উপজেলার কলসকাঠি গ্রামে ২২টি ইটভাটা গড়ে উঠায় পরিবেশদূষণ করে জনস্বাস্থ্যকে হুমকির মুখে ফেলায় তাদের বিরুদ্ধে অবিলম্বে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল :** বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির **'সহায়ক গ্রন্থ'** প্রকাশ অব্যাহত রাখার দাবিতে করা ধর্মঘটের বিষয় তুলে ধরে কিছু ব্যক্তি ও গোষ্ঠীর সাময়িক সুবিধার জন্য শিক্ষা ব্যবস্থাকে ঝুঁকিতে ঠেলে না দেওয়ার ওপর গুরুত্বরোপ।

চ. **ইনকিলাব, সংবাদ, ডেইলি স্টার, নিউ নেশন :** স্থানীয় সরকারের সকল নির্বাচনকে টাকার খেলা ও ক্ষমতার প্রভাবমুক্ত রেখে সকলের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমেই কেবল গ্রহণযোগ্য জেলা পরিষদ নির্বাচন নিশ্চিত করা সম্ভব বলে অভিমত।

ঘ. **নিউ নেশন :** 'বি এম ডি ওয়েদার অ্যাপে'র মাধ্যমে আবহাওয়া অধিদফতরের দৈনিক সব তথ্য সেবা মোবাইল প্লাটফরমে নিয়ে আসার বিষয় তুলে ধরে দুর্যোগ মোকাবেলায় মজবুত অবকাঠামোয় আরও সাইক্লোন সেল্টার গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি সান :** ভিক্ষুক পুনর্বাসনে খুলনা বিভাগের কার্যক্রমকে অন্যান্য বিভাগীয় কমিশনারদেরও অনুসরণ করে দেশব্যাপী ভিক্ষুক পুনর্বাসনে এগিয়ে আসার সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের সুপারিশ।

ছ. **নিউ এজ :** ইংলিশ মিডিয়াম স্কুলে ভর্তি, টিউশন, সেশন, পুনভর্তি, পুনঃরেজিস্টেশন ইত্যাদির ফি বিষয়ে সরকারকে যথাযথ হস্তক্ষেপ করার সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** খুলনা জেলার রূপসা উপজেলার রামনগর এলাকায় শতশত স্থাপনা নদী ভাঙনের হুমকির মুখে থাকায় নদী খনন ও হাইড্রোলিক ইঞ্জিনিয়ারিংয়ের মতো কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে দীর্ঘ মেয়াদে আমদানি করা জ্বালানির ওপর নির্ভরশীল হলে অর্থনীতির ওপর চাপ সৃষ্টি হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে **'জাতীয় উন্নয়নে স্বাস্থ্য খাতের ভূমিকা'** শিরোনামের নিবন্ধে সমীর কুমার যাহা ইউনানী ও আয়ুর্বেদ চিকিৎসার বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বাড়িয়ে এই চিকিৎসা পদ্ধতির গ্রহণযোগ্যতা বাড়ানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা